

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭০৬

১৭/ হক ও অধিকার

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর অধিকার, তাঁর প্রতি দর্মদ ও সালাম পেশ করার আদেশ, তার মাহাত্ম্য ও শব্দাবলী

### আরবী

وَعَنْ أَبِي مَسعُودِ البَدرِي قَالَ: أَتَانَا رَسُولُ اللهِ عَلَيْكَ فِي مَجْلِسِ سَعدِ بن عُبَادَةَ فَقَالَ لَهُ بَشْيرُ بْنُ سَعدٍ: أَمَرَنَا الله تَعَالَى أَنْ نُصلِّي عَلَيْكَ يَا رَسُولَ اللهِ فَكَيْفَ نُصلِّي عَلَيْكَ ؟ فَسكَتَ رَسُولُ اللهِ عَلَيْ حَتَّى تَمَنَّيْنَا أَنَّهُ لَمْ يَسْأَلْهُ ثُمَّ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ قُولُوا: عَلَيْكَ ؟ فَسكَتَ رَسُولُ اللهِ عَلَيْ قُولُوا: اللّهُمُّ صلّ عَلَى مُحَمَّدٍ، وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صلَيَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، عَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ وَالسَّلاَمُ كَمَا قَدْ عَلِمْتُمْ رواه مسلم

#### বাংলা

(১৭০৬) আবূ মাসঊদ বদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা সা'দ ইবনে উবাদা (রাঃ) এর মজলিসে উপবিষ্ট ছিলাম। এমন সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে এলেন। বাশীর ইবনে সা'দ তাঁকে বললেন, 'হে আল্লাহর রসূল! মহান আল্লাহ আমাদেরকে আপনার প্রতি দর্মদ পড়তে আদেশ করেছেন, কিন্তু কিভাবে আপনার উপর দর্মদ পড়ব?' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিরুত্তর থাকলেন। পরিশেষে আমরা আশা করলাম, যদি (বাশীর) তাঁকে প্রশ্ন না করতেন (তো ভাল হত)। ক্ষণেক পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা বলো,

'আল্লা-হুম্মা স্বাল্লি আলা মুহাম্মাদিউ অআলা আ-লি মুহাম্মাদ, কামা স্বাল্লাইতা আলা আ-লি ইবরা-হীম। অবা-রিক আলা মুহাম্মাদিউ অআলা আ-লি মুহাম্মাদ, কামা বা-রাকতা আলা আ-লি ইবরা-হীম। ইরাকা হামীদুম মাজীদ।'

অর্থাৎ, হে আল্লাহ! তুমি মুহাম্মাদ তথা মুহাম্মাদের পরিবারবর্গের উপর রহমত বর্ষণ কর; যেমন রহমত বর্ষণ করেছিলে ইব্রাহীমের পরিবারবর্গের উপর। আর তুমি মুহাম্মাদ ও তাঁর পরিজনবর্গের প্রতি বরকত নাযেল কর; যেমন বরকত নাযেল করেছ ইব্রাহীমের পরিজনবর্গের প্রতি। নিশ্চয় তুমি প্রশংসিত ও মহা সম্মানীয়। আর সালাম কেমন, তা তো তোমরা জেনেছ।

### ফুটনোট



## (মুসলিম ৯৩৪, আবূ দাউদ ৯৮২, তিরমিযী ৩২২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন